

## বাংলাদেশ কৃষি ব্যাংক বিভাগীয় কার্যালয়, খুলনা।

### মার্চ ২৫, ২০২৪ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ


অদ্য মার্চ ২৫, ২০২৪ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় বিভাগীয় কার্যালয়, খুলনা এর মহাব্যবস্থাপক মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, খুলনার ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে ৩য় ত্রৈমাসিকের অর্জনের উপর পর্যালোচনা সংক্রান্ত বিভাগীয় নৈতিকতা কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন।


০১।	জনাব মুহাম্মদ মাজহারুল ইসলাম মহাব্যবস্থাপক (দায়িত্বে) বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা	সভাপতি
০২।	জনাব শাহনেওয়াজ মোহাম্মদ মোস্তফা ফায়সাল উপমহাব্যবস্থাপক বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা	সদস্য
০৩।	জনাব মোঃ ফিরোজ আহমেদ সহকারী প্রকৌশলী বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা	সদস্য
০৪।	মোঃ রকিবুল বাশার উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা	সদস্য সচিব



০২। সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে সভার সদস্য সচিব ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে ৩য় ত্রৈমাসিকের অর্জন বিষয়ে সভাকে অবহিত করেন। সভাপতি মহোদয় ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে ৩য় ত্রৈমাসিকের অর্জনের পর্যালোচনা করেন এবং বিগত ১৫/০১/২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্তের অর্জন নিয়ে আলোচনা করেন। অত্র কার্যালয়সহ অত্র বিভাগাধীন সকল শাখা/কার্যালয়ে শুদ্ধাচার চর্চা এবং এর যথাযথ বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন।

০৩। সভার বিভাগের চলমান বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করা হয় এবং শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সকল সদস্য বর্ণিত বিষয়ে তাদের অভিমত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনান্তে সভার সকল সদস্যের ঐক্যমতের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-  
ক) অত্র কার্যালয়ের নৈতিকতা কমিটিতে সহকারী মহাব্যবস্থাপকবৃন্দকে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করে কমিটি পুনর্গঠন করতে হবে এবং ওয়েবসাইটের শুদ্ধাচার ট্যাগে আপলোড করতে হবে।  
খ) জানুয়ারি, ২০২৪ হতে মার্চ, ২০২৪ সময়কালের ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন/শুদ্ধাচার বিষয়ক তথ্যাদি ওয়েবসাইটের শুদ্ধাচার ট্যাগে আপলোড করতে হবে।  
গ) ২০২৩-২০২৪ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রার আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।

০৪। অতঃপর সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন।

  
(মোঃ রকিবুল বাশার)  
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা  
বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা  
ও  
সদস্য সচিব  
বিভাগীয় নৈতিকতা কমিটি, খুলনা।

  
(শাহনেওয়াজ মোহাম্মদ মোস্তফা ফায়সাল)  
উপমহাব্যবস্থাপক  
বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা  
ও  
সদস্য  
বিভাগীয় নৈতিকতা কমিটি, খুলনা।

  
(মোঃ ফিরোজ আহমেদ)  
সহকারী প্রকৌশলী (সিভিল)  
বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা  
ও  
সদস্য  
বিভাগীয় নৈতিকতা কমিটি, খুলনা।  
  
(মুহাম্মদ মাজহারুল ইসলাম)  
মহাব্যবস্থাপক (দায়িত্বে)  
বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা  
ও  
সভাপতি  
বিভাগীয় নৈতিকতা কমিটি, খুলনা।